# Times Today BD

চট্টগ্রাম | 14 April, 2025

লক্ষ্মীপুরের রায়পুরে ভিন্ন আয়োজনে বাংলা নববর্ষ উদযাপন করা হয়েছে।উপজেলা প্রশাসনের আয়োজনে পুকুরের পানিতে সাঁতরে হাঁস ধরা প্রতিযোগিতা ছিল উৎসবমুখর।এ প্রতিযোগিতা দেখতে পকুরের চারপাশে উৎসুক মানুষজন ভিড় জমায়।

সোমবার (১৪ এপ্রিল) সকালে উপজেলা পরিষদ পুকুরে এ আয়োজন করা হয়।১০টি হাঁস ধরতে প্রতিযোগিতায় নামেন ৪০ জন।

এ সময় রায়পুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ইমরান খান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহেদ আরমান ও রায়পুর আর্ট স্কুলের প্রধান শিক্ষক শংকর মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা পুকুরের দক্ষিণ পাশে ছিলেন। উত্তর পাশ থেকে হাঁসগুলো পুকুরের পানিতে ছেড়ে দেওয়া হয়।প্রতিযোগীরা সাঁতরে এসে হাঁসগুলো ধরে নিয়েছে।১০টি হাঁস ১০ জন প্রতিযোগী নিয়ে গেছে।

রায়পুর আর্ট স্কুলের প্রধান শিক্ষক শংকর মজুমদার বলেন, পয়লা বৈশাখ বাঙালির জন্য একটি ঐতিহাসিক দিন।এটি বাঙালি জাতির ঐতিহ্য। যুগ যুগ ধরে আমরা এই ঐতিহ্য ধারণ করে আসছি।সেই আলোকেই নানান আয়োজন করা হয়েছে দেশজুড়ে।হারিয়ে যাওয়া গ্রামীণ ঐতিহ্য হাঁস খেলার আয়োজন করেছে উপজেলা প্রশাসন।এ আয়োজনে ব্যাপক আনন্দ দেখা গেছে সবার মাঝে।

রায়পুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ইমরান খান বলেন, নববর্ষ উপলক্ষ্যে শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছে।এরপর আমাদের উপজেলা পুকুরে হাঁস ধরা প্রতিযোগিতা হয়েছে। এতে সবার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল। গ্রাম বাংলার ঐতিহ্যকে তুলে ধরতে আমরা এ আয়োজন করেছি।

পহেলা বৈশাখ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:41

URL: https://www.timestodaybd.com/chittagong/775807774